রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা

www.rajuk.gov.bd

**কুড়িল পূর্বাচল সংযোগ সড়কের উভয় পাশে অবৈধভাবে স্থাপিত বিলবোর্ড/ইউনিপোল/নিয়ন সাইনবোর্ড অপসারণ সংক্রান্ত**

# গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুড়িল পূর্বাচল সংযোগ সড়কের উভয় পাশে অনুমোদনহীন বিভিন্ন বিলবোর্ড/ইউনিপোল/নিয়ন সাইনবোর্ড স্থাপন করা হয়েছে। অবৈধভাবে স্থাপিত এসব বিলবোর্ড/ইউনিপোল/নিয়ন সাইনবোর্ড স্থাপনে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর কোন প্রকার অনুমোদন নেই। এসব বিলবোর্ড/ইউনিপোল/নিয়ন সাইনবোর্ড বিভিন্ন সময় রাস্তার উপর ভেঙ্গে পড়ে অনেক দূর্ঘটনা ঘটায় সর্বসাধারণের নির্বিঘ্নে চলাচল বাঁধাগ্রস্থ হচ্ছে। জনসাধারণের নির্বিঘ্নে যাতায়াত নিশ্চিতকরণে এই সকল অবৈধ বিলবোর্ড/ইউনিপোল/নিয়ন সাইনবোর্ড সমূহ অপসারণ করা অত্যন্ত জরুরী হয়ে পড়েছে।

বর্ণিত প্রেক্ষাপটে কুড়িল পূর্বাচল সংযোগ সড়কের উভয় পাশে অবৈধভাবে স্থাপিত বিলবোর্ড/ইউনিপোল/নিয়ন সাইনবোর্ড আগামী ০৭ (সাত) দিনের মধ্যে অপসারণের জন্য অনুরোধ করা হলো। অপসারণ করা না হলে রাজউক কর্তৃক শীঘ্রই উচ্ছেদ অভিযান পরিচালনার মাধ্যমে এ সকল অবৈধ বিলবোর্ড/ইউনিপোল/নিয়ন সাইনবোর্ড অপসারণ করা হবে।

০৫.০২.২০২৫

**শীলাব্রত কর্মকার**
পরিচালক (বোর্ড, জনসংযোগ ও প্রটোকল)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।